দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 19 JUN 1988
পৃষ্ঠা 5 কলাম 3

048

# শিক্ষাঙ্গন

## প্রসঙ্গঃ অনার্স পরীক্ষা

১৯৮৪/৮৫ শিক্ষাবর্ষের অনার্স পরীক্ষা ১৯৮৭ ইং সনে হওয়ার কথা ছিল। কিন্তু সেশন জটের দরুন নির্দিষ্ট সময়ে হতে পারেনি। তাই ১৯৮৭ ইং সনের সেই পরীক্ষা চলতি বছর জুলাই মাসে হবে বলে আমরা পরীক্ষার রুটিন পেয়েছি।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা নিবেন, আমরা পরীক্ষা দেব, এতে বলার কিছু নেই। কিন্তু এর মাঝেও কিছু প্রশ্ন থেকে যায়।

১৯৮৩/৮৪ সেশনের অনার্স পরীক্ষা হয়েছে ১৯৮৮ ইং সনে। কিন্তু তার ফলাফল এখনও প্রকাশ হয়নি কিংবা কখন হবে তাও জানা যায়নি। তার মাঝে যারা অকৃতকার্য হবে তারা কখন পরীক্ষার ফরম পূরণ করবে, কখন প্রস্তুতি নিবে কর্তৃপক্ষের এটা ভেবে দেখার বিষয় নয় কি?

১৯৮৪/৮৫ সেশনের যে সকল ছাত্র-ছাত্রী ১৯৮৬ সনের সাবসিডিয়ারী পরীক্ষায় কমপক্ষে এক বিষয়ে পাস করতে পারেনি তাদের বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পূর্বে অনুমতি দেননি। তাই তারা পরীক্ষার জন্য প্রস্তুতিও নিতে পারেনি। কিন্তু সম্প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের পরীক্ষার অনুমতি দিয়েছেন। কিন্তু ফরম পূরণ এখনও সম্পন্ন হয়নি। অথচ হঠাৎ জুলাই মাসে পরীক্ষা হওয়ার রুটিন দেখে আমরা সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা বিচলিত না হয়ে পারলাম না।

কলেজ কর্তৃপক্ষও বলেছিলেন যে, জুলাই মাসে পরীক্ষা হবে না। দু'মাস পিছিয়ে যেতে পারে। আমরাও সেভাবে প্রস্তুতি নিচ্ছিলাম। কেননা এখনও, গত পরীক্ষারও ফলাফল প্রকাশ পায়নি। আশা করি কর্তৃপক্ষ স্বল্প সময়ের মধ্যেই বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করে এ ব্যাপারে একটি চূড়ান্ত ও কার্যকরী সিদ্ধান্ত নিবেন।

মোঃ মোশাররফ হোসাইন (রুস্তম)